সম্পত্তি কর সংস্কারের ওপরে নিউ ইয়র্ক সিটি উপদেষ্টা কমিশন (New York City Advisory Commission on Property Tax Reform)

10টি প্রাথমিক সুপারিশের ওপরে ব্রংক্স ভার্চুয়াল প্রকাশ্য শুনানি

2018 এ মেয়র Bill de Blasio ও সিটি কাউন্সিল স্পীকার Corey Johnson সিটির সম্পত্তি কর ব্যবস্থাকে আরও সরল, স্পষ্ট ও ন্যায্য করে তোলার জন্য সুপারিশগুলি প্রস্তুত করতে একটি উপদেষ্টা কমিশন স্থাপন করেছিলেন, একই সাথে সুনিশ্চিত করেছেন যে সিটির অত্যাবশ্যক পরিষেবাগুলির অর্থায়নের জন্য ব্যবহৃত রাজস্বে কোনও হ্রাস হয় নি। 2020 এর প্রথমদিকে, কমিশনটি একটি প্রাথমিক রিপোর্ট প্রকাশ করেছিল, যার মধ্যে সংস্কারের জন্য 10টি প্রাথমিক সুপারিশ অন্তর্ভুক্ত ছিল। নিউ ইয়র্ক সিটির সম্পত্তি কর ব্যবস্থার একটি সংক্ষিপ্ত ইতিহাস, সম্পত্তি করের বিল গণনা করার জন্য অর্থ বিভাগ (Department of Finance) দ্বারা ব্যবহৃত বর্তমান পদ্ধতিগুলি, এবং বিদ্যমান কর ব্যবস্থার চ্যালেঞ্জগুলি প্রাথমিক রিপোর্টে অন্তর্ভুক্ত ছিল। কমিশনটি মার্চ প্রাথমিকভাবে 2020 এ স্ট্যাটেন আইল্যান্ড-এ এই রিপোর্টের ওপরে সশরীরে শুনানির পরিকল্পনা করেছিল, কিন্তু COVID-19 এর কারণে এগুলি স্থগিত হয়ে গিয়েছিল।

আমরা এখন 14 জুন বিকাল 6:00টায় একটি ব্রংক্স বরো-ভিত্তিক Zoom শুনানিতে প্রাথমিক 10টি সুপারিশের ওপরে জনগণের কাছ থেকে মতামত চাইছি। আমরা সমস্ত নিউইয়র্কবাসীকে রিপোর্টটি পড়তে, একটি প্রকাশ্য শুনানিতে উপস্থিত থাকতে এবং আপনার মতামত জানাতে অনুরোধ করছি। কমিশনটি তার চূড়ান্ত সুপারিশগুলি প্রস্তুত করার সাথে সাথে, আপনার মতামতগুলি তাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে।

সাক্ষ্য দেওয়ার জন্য আপনাকে অবশ্যই কমপক্ষে 24 ঘণ্টা আগে কমিশনের ওয়েবসাইটে সাইন আপ করতে হবে। সমস্ত শুনানি NYC কাউন্সিলের ভার্চুয়াল হিয়ারিং রুমে সম্প্রচারিত হবে, কমিশনের ওয়েবসাইটে একটি লিংক সহ: https://www1.nyc.gov/site/propertytaxreform/index.page। এই ওয়েবসাইটেও প্রাথমিক রিপোর্টটি দেখা যেতে পারে।

কমিশন যাতে সমস্ত আগ্রহী ব্যক্তির বক্তব্য শুনতে পারে, তা সুনিশ্চিত করার জন্য বক্তাদের দুই মিনিটের কম সময় বক্তব্য রাখার পরিকল্পনা করা উচিত। কমিশনের সদস্যরা বক্তাকে প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য অতিরিক্ত সময় ব্যবহার করতে পারেন। নির্বাচিত কর্মকর্তাদের প্রথমে কথা বলার সুযোগ দেওয়া হবে; অন্য সমস্ত অংশগ্রহণকারীর বক্তব্য শোনা হবে তারা যে ক্রমে সাইন আপ করেছেন সেই ক্রমানুসারে।

বক্তারা PropTaxInfo@propertytaxcommission.nyc.gov এ ইমেল করে অথবা কমিশনের ওয়েবসাইটে আপলোড করে অগ্রিম তাদের সাক্ষ্য জমা দিতে পারেন (কিন্তু তা প্রয়োজনীয় নয়)। কমিশনাররা অনলাইন ও সশরীরে উভয় মাধ্যমে জমা দেওয়া সমস্ত সাক্ষ্য শুনানিতে পড়বেন। কমিশন 27 মে তারিখে ব্রুকলিনে, 9 জুনে কুইন্সে, এবং 16 জুনে ম্যানহ্যাটানে বরো-ভিত্তিক প্রকাশ্য শুনানি আয়োজন করবে। 11 মে তারিখে স্ট্যাটেন আইল্যান্ড-এ একটি শুনানি আয়োজিত হবে। আপনি যে বরোতে বসবাস করেন শুধু সেখানেই নয়, যে কোনো বরোর শুনানিতে সাক্ষ্য দিতে পারেন।

অনুবাদ পরিষেবার অনুরোধ করতে, অনুগ্রহ করে শুনানির তিনটি কার্যদিবসের আগে বিকাল 5:00 টার মধ্যে PropTaxInfo@propertytaxcommission.nyc.gov এ ইমেল করুন অথবা 212-676-3072 এ ফোন করুন। আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL) এর জন্য, অথবা কোনও প্রতিবন্ধকতার জন্য স্বাচ্ছন্দ্যবিধানের অনুরোধ করতে, অনুগ্রহ করে শুনানির পাঁচটি কার্যদিবস আগে বিকাল 5:00 টার মধ্যে ফোন করুন।